# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) আসামের জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের আজ গৌহাটীর কাছে কামারকুছির # জুবিনক্ষেত্রে # রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন ।

(২) কেন্দ্রীয় সরকারের চলতি অর্থ বছরে নতুন করে দেশের ২৫ লক্ষ যোগ্য পরিবারকে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনে রান্নার গ্যাসের সুবিধা প্রদানের সিদ্ধান্ত ।

(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর নতুন দিল্লীতে আজ ২০২৩ বর্ষের ৭১ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারসমূহ প্রদান । এবং

(৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের উৎসবের মরশুমে ৪৬ টি বিশেষ ট্রেনের ব্যবস্থা করার কথা ঘোষনা ।

---

লক্ষ লক্ষ সঙ্গীত অনুরাগীকে শোকের সাগরে নিমজ্জিত করে আকষ্মিকভাবে পৃথিবীর মায়া ত্যাগ করে চলে যাওয়া জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের অন্ত্যেষ্টিক্রিয়া আজ গুয়াহাটীর পার্শ্ববর্তী সোনাপুরের কামারকুছির 'জুবিনক্ষেত্রে'সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় ২১ টি তোপধ্বনীর মাধামে সম্পন্ন করা হয় । অগণিত অনুরাগী অশ্রুসজল নয়নে প্রাণের শিল্পীকে শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী , প্রদেশ কংগ্রেস সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ , বিরোধি দলনেতা দেবব্রত শইকিয়া সমাধিস্থলে প্রিয় শিল্পীকে শ্রদ্ধা নিবেদন করেন । অরুনাচলপ্রদেশের মুখ্যমন্ত্রীর হয়ে রাজ্যের আবাসিক আয়ুক্ত শিল্পীকে শেষ শ্রদ্ধা জানান ।পরিবারের সিদ্ধান্ত অনুযায়ি

প্রয়াত শিল্পীর ১৩ দিনের শ্রাদ্ধানুষ্ঠান যোরহাটে পালন করা হবে এবং ঐদিনই তাঁর চিতাভস্ম যোরহাটের জনসাধারণকে আনুষ্ঠানিকভাবে অর্পণ করা হবে । মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুযায়ি আজ রাজ্যের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার চলতি অর্থ বছরে নতুন করে দেশের ২৫ লক্ষ যোগ্য পরিবারকে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনে রান্নার গ্যাসের সুবিধা প্রদান করবে । নবরাত্রির প্রথম দিন দেশের মহিলাদের শুভেচ্ছা জ্ঞাপন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে সরকারের এই সিদ্ধান্ত পবিত্র নবরাত্রির সময় তাঁদের জন্য আনন্দের বার্তা বয়ে আনা সহ মহিলাদের সবলীকরণের ক্ষেত্রেও গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করবে । কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদ্বীপ সিং পুরী বলেন যে সরকার রান্নার গ্যাসের ২৫ লক্ষ নতুন সংযোগের প্রত্যেকটির জন্য দুহাজারেরও অধিক টাকা ব্যয় করা হবে । তিনি বলেন যে এই নতুন সংযোগ দ্বারা উজ্জ্বলা পরিবারের সংখ্যা ১০ কোটি ৫৮ লক্ষ পর্যন্ত বৃদ্ধি হবে । দেশের প্রত্যেক মহিলার জন্য রান্নার গ্যাস সহজে উপলব্ধ করার বিষয়টি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিশ্চিত করেছেন বলে মন্ত্রী শ্রী পুরী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু নতুন দিল্লীতে আজ ২০২৩ বর্ষের ৭১ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারসমূহ প্রদান করেন ।এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রখ্যাত অভিনেতা ,পরিচালক তথা প্রযোজক মোহন লালকে চলচ্চিত্র জগতের সর্ব্বোচ্চ সম্মান দাদা সাহেব ফালকে পুরস্কার প্রদান করা হয় । চলচ্চিত্র নির্মাণ ,অভিনয় , কাহিনী কথা সহ বিভিন্ন ক্ষেত্রে জাতীয় চলচ্চিত্র পুরস্কারগুলি প্রদান করা হয়েছে । হিন্দী চলচ্চিত্র টুয়েলভ ফেল কে শ্রেষ্ঠ চলচ্চিত্র পুরস্কার প্রদান করা হয়েছে । শ্রেষ্ঠ হিন্দী কথা ছবির পুরস্কার কাঠালকে প্রদান করা হয়েছে । জওয়ান কথা ছবিতে অভিনয়ের জন্য শাহরুখ খান এবং টুয়েলভ ফেল ছবিতে অভিনয়ের জন্য বিক্রান্ত মেসি যুগ্মভাবে শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার লাভ করেন । মিসেস চ্যাটার্জী বনাম নরওয়ে শীর্ষক ছবির জন্য রাণী মূখার্জীকে শ্রেষ্ঠ অভিনেত্রীর পুরস্কার লাভ করেন । শিল্পা রাও এবং পি ভি এন এস রোহিতকে সর্বশ্রেষ্ঠ নেপথ্য গায়ক-গায়িকার পুরস্কার প্রদান করা হয় । এদিকে বিশিষ্ট চলচ্চিত্র সমালোচক তথা পরিচালক উৎপল দত্ত অসমীয়া ভাষার শ্রেষ্ঠ চলচ্চিত্র সমালোচকের পুরস্কার গ্রহণ করেন । পুরস্কার প্রদান অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সরকারের চলচ্চিত্র ক্ষেত্রে গৃহীত পদক্ষেপসমূহের বিষয়ে উল্লেখ করেন ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেল উৎসবের মরশুমে যাত্রীদের সুবিধার্থে ৪৬ টি বিশেষ ট্রেন চালানোর ব্যবস্থা করেছে ।দূর্গাপূজো , , দীপাবলী ও ছটপূজোর সময় যাত্রীরা যাতে অসুবিধার সম্মুখীন না হন তার প্রতি লক্ষ্য রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।এই উৎসব স্পেশাল ট্রেনগুলি শিলচর সহ গৌহাটী , আগরতলা , ধর্মনগর , কলকাতা , বেঙ্গালুরু ইত্যাদি গুরুত্বপূর্ণ স্থানগুলোর মধ্যে চলাচল করবে ।

---

আসন্ন দূর্গোৎসবের আর মাত্র কয়েকটি দিন বাকী থাকায় প্রতিটি পূজো মন্ডপে মৃৎশিল্পী ও কারিগড়েরা প্রতিমা এবং মন্ডপ সজ্জায় শেষ তুলির টান দিতে ব্যস্ত । শিলচরের ঐতিহ্যবাহী দাসগুপ্ত বাড়ির পূজো এবছর ৭৭ বছরে পদার্পন করেছে ।শিলচর টাউন ক্লাবের প্রতিষ্ঠাতা খ্যাতনামা ফুটবলার ও টেনিস খেলোয়াড় প্রয়াত জিতেন্দ্র দাসগুপ্ত ( বাটু দাসগুপ্ত ) বাড়ির পূজো ১৯৪৭ সাল থেকে নতুনপট্টীর বাড়িতে অনুষ্ঠিত হচ্ছে ।বলি প্রথা এখন বন্ধ হলেও প্রায় সাত দশক ধরে একই আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দেবীর আরাধনা করা হচ্ছে ।এই পূজোর অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে এখানে দেবী দূর্গার প্রতিমায় গণেশ মায়ের ডানদিকে নয় বাঁদিকে অবস্থান করেন ।এবং পূজোয় অন্নভোগ হয়না , কাঁচা ফলমূল ভোগ হিসেবে নিবেদন করা হয় ।
এদিকে বারোয়াড়ি পূজোর মধ্যে শংকর দিঘির আপনজন দূর্গাপূজো কমিটি এবছর রাজস্থানের উমেদ ভবন প্যালেসের আদলে মন্ডপ তৈরী করছে ।৭০ ফুট উঁচু এবং ২২০ ফুট চওড়া জলের উপরে এই বিশাল মন্ডপ তৈরী করা হচ্ছে । ১৬ ফুট উচ্চতার প্রতিমা গড়ছেন নবদ্বীপের শিল্পী উজ্জ্বল প্রামানিক ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন শারদীয়া দূর্গাপূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলার পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ পুলিশ সুপারের কার্য্যলয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । পুলিশ সুপার অমিতাভ সিনহার পৌরহিত্যে আয়োজিত সভায় পূজা কমিটিগুলিকে মন্ডপে সি সি টিভি সংস্থাপন ও দূর্যোগ মোকাবিলার জন্য প্রাথমিক সরঞ্জাম মজুদ রাখতে নির্দেশ দেওয়া হয়েছে । পুলিশ সুপার শ্রী সিনহা জানান যে পূজার সপ্তমী থেকে নবমী সন্ধ্যা পাঁচটা থেকে রাত ১২টা পর্য্যন্ত জরুরী পরিষেবার গাড়ী ছাড়া অন্য কোন ধরনের যান বাহন হাইলাকান্দি শহরে প্রবেশ করতে পারবে না । আজকের সভায় পৌর সভাপতি মানব চক্রবর্তী , সহকারী চক্র আধিকারীক আরিফ আহমেদ চৌধুরী সহ পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে আজ হাইলাকান্দি এস এস কলেজ ও বোয়ালিপারের ড: শশীভূষণ ইনস্টিটিউট অব এডুকেশন যে পাট্টা বিতরণী অনুষ্ঠান হওয়ার কথা ছিল, তা স্থগিত রাখা হয়েছে। জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে পাট্টা বিতরণের তারিখ পরে জানানো হয়েছে।

---

সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে  বিধায়ক নীহার রঞ্জন দাস আজ ধলাই বিধানসভা কেন্দ্রের অধীন কৃষ্ণপুর -গঙ্গানগর গ্রামের ২৪ জন গুরুতর অসুস্থ রোগীর বাড়িতে গিয়ে ফল ও হরলিক্সের প্যাকেট তুলে দিয়েছেন । সেই সঙ্গে আর্থিক সাহায্যও প্রদান করেন । পরিদর্শনকালে বিধায়ক শ্রীদাস এলাকার প্রবীন নাগরিকদের সঙ্গে মত বিনিময় করে গ্রামের বিভিন্ন সমস্যা সর্ম্পকে অবগত হন ।

---

কাটিগড়া পূর্ত বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বদরপুর জুমবস্তী কালীবাড়ী রোডে একটি কালভার্ট দূর্বল হয়ে পড়ায় , এই সড়ক দিয়ে সব ধরনের ভারী যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । জনগনের সুবিধার্থে এই সড়ক দিয়ে শুধুমাত্র দু চাকা ও তিন চাকার হালকা যান চলাচল করতে পারবে বলে বিজ্ঞপ্তীতে বলা হয়েছে  । এই সময়ে যাতায়াতের জন্য বদরপুরের ভারতীয় খাদ্য নিগমের সড়কটি বিকল্প হিসেবে ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার জল সম্পদ বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ২৬শে সেপ্টেম্বর থেকে ৮ই অক্টোবর পর্য্যন্ত জল সম্পদ বিভাগের কন্ট্রল রুম খোলা থাকবে । এই কন্ট্রল রুম সকাল ৭টা থেকে রাত ৮টা পর্য্যন্ত খোলা থাকবে । কন্ট্রল রুমের দায়িত্বে রয়েছেন বাস্তুকার ভূপেশ ভট্টাচার্য্য ।

---

শ্রীভূমি জেলা খাদ্য ও গনবন্টন বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় অক্টোবর মাসের প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনার হিতাধিকারীদের কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়রিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বন্টন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---